

২০২২

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

প্রথম পত্র : BNGH-CC-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) হরপ্রসাদ শাস্ত্রী নেপালে গিয়ে ক'খানি পুঁথির সন্ধান পান? পুঁথিগুলির নাম লেখো।
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে কোথা থেকে আবিষ্কার করেন?
- গ) 'নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ' — কার লেখা কোন্ কাব্যের অংশ? কোন্ শতাব্দীতে এই কাব্য রচিত হয়?
- ঘ) চণ্ডীদাস নামাঙ্কিত ক'জন চণ্ডীদাস ছিলেন? কে কোন্ সময়ে বর্তমান ছিলেন?
- ঙ) পূর্ববঙ্গধারার দু'জন মনসামঙ্গল কবির নাম লেখো।
- চ) 'চৈতন্যলীলার ব্যাস' কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী? কাব্যের রচনাকাল নির্দেশ করো।

[পরের পাতায়]

- ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী?
- জ) 'শাকে রস রস বেদ শশাঙ্ক গণিতা।
কত দিনে দিলা গীত হরের বণিতা।।' — কার লেখা কোন্ গ্রন্থে রয়েছে? এই শ্লোক অনুযায়ী কাব্যটির রচনাকাল নির্ণয় করো।
- ঝ) ধর্মমঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?
- ঞ) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' — কে কাকে একথা বলেছিল? কোন্ কাব্যের অংশ? কাব্যের রচনাকাল উল্লেখ করো।
- ট) ঘৃষ্টধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- ঠ) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালসীমা উল্লেখ করে এর আঞ্চলিক রূপগুলির নাম লেখো।
- ড) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ঢ) সংবৃত স্বরধ্বনি ও বিবৃত স্বরধ্বনি কি? উদাহরণ দাও।
- ণ) বাংলা লিপির মূল উৎস কী? কোন্ সময়ে এই লিপির উদ্ভব ঘটে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- খ) কৃত্তিবাসী রামায়ণের মৌলিক দিকগুলি আলোচনা করো।

- গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতির কবি বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে দৌলত কাজীর 'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যের গুরুত্ব কোথায়?
- ঙ) কুটিল লিপি থেকে কীভাবে বাংলা লিপির উদ্ভব হয়েছে তা ব্যাখ্যা করো।
- চ) বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি? জিহ্বার অবস্থান অনুযায়ী স্বরধ্বনির শ্রেণীবিভাগ করো। ২+৩
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সমাজচিত্র ও ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা করো।
- খ) চৈতন্যজীবনী কাব্যধারার শ্রেষ্ঠ গ্রন্থ কোনটি এবং কেন? — এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।
- গ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- ঘ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বলতে কী বোঝায়? উদাহরণসহ এই বর্ণমালা লিপ্যন্তরীকরণের নিয়মগুলি আলোচনা করো।
-